# ষষ্ঠ শ্রেণীর সেশন পরিকল্পনার পুনঃবিবেচনা

## বিষয়: বিজ্ঞান

ষষ্ঠ ও সপ্তম শ্রেণিতে নতুন শিক্ষাক্রম এই বছরেই চালু করা হলো বিধায় শিক্ষক, শিক্ষার্থী, বিদ্যালয়ের প্রশাসক, সবারই নিজেদের প্রস্তুত করতে ও নতুন শিক্ষাক্রমে অভ্যস্ত হতে কিছুটা সময় বেশি লেগেছে। তাই জানুয়ারি থেকে জুলাই মাসের প্রথম সপ্তাহ পর্যন্ত যতগুলো শিখন অভিজ্ঞতা সম্পন্ন করার পরিকল্পনা ছিল, অনেক ক্ষেত্রেই তা করা সম্ভব হয় নি।

১০ই নভেম্বরের মধ্যে ষষ্ঠ শ্রেণির অবশিষ্ট শিখন অভিজ্ঞতাসমূহ (৬ নং শিখন অভিজ্ঞতা থেকে শুরু করে শেষ অভিজ্ঞতা পর্যন্ত) সম্পন্ন করার জন্য শিক্ষকদের জন্য কয়েকটি নির্দেশনা নিচে দেয়া হলো। তবে যেসব বিদ্যালয়ে নিচের তালিকার মধ্য থেকে এক বা একাধিক শিখন অভিজ্ঞতা সম্পন্ন হয়ে গিয়েছে, তাদের ক্ষেত্রে ইতোমধ্যে শেষ হওয়া অভিজ্ঞতাগুলোর জন্য আলাদা নির্দেশনা প্রয়োজন হবে না। শুধুমাত্র অবশিষ্ট শিখন অভিজ্ঞতাসমূহের জন্য এই নির্দেশনা প্রযোজ্য হবে।

| শিখন অভিজ্ঞতার শিরোনাম | শিক্ষকদের জন্য নির্দেশনা | পূর্বনির্ধারিত সেশন সংখ্যা | পরিমার্জিত সেশন সংখ্যা |
|---|---|---|---|
| রোদ, জল, বৃষ্টি | দ্বিতীয় ও তৃতীয় সেশনের কাজ একটি সেশনে সম্পন্ন করতে হবে। সময় ব্যবস্থাপনার জন্য উইন্ডভেন বানানোর কাজটি শিক্ষার্থীরা বাড়ি থেকে করে নিয়ে আসবে।<br><br>অষ্টম সেশনে অ্যাসিড বৃষ্টির পরীক্ষণ শিক্ষার্থীরা বাসায় করবে, পরীক্ষণের ফলাফল খাতায় নোট রাখবে, পরেরদিন এসে আলোচনা করবে। | ৯টি | ৮টি |
| গতির খেলা | এই শিখন অভিজ্ঞতার খেলার আয়োজন বিষয়ে নির্দেশনা দেয়া এবং ইভেন্ট (প্রথম চারটি সেশন) পরিচালনার জন্য একটা ছুটির দিন বেছে নিতে হবে, কিংবা কোনো একদিন ক্লাসের শেষে এই আয়োজন করতে হবে। | ৬টি | ৩টি নিয়মিত সেশন |
| সবার ইশকুল | এই শিখন অভিজ্ঞতার অংশ হিসেবে র‍্যাম্প তৈরি করার জন্য একটা ছুটির দিন বেছে নিতে হবে, কিংবা কোনো একদিন | ৫টি | ৪টি নিয়মিত সেশন, ১টি |

| | | | |
|---|---|---|---|
| | ক্লাসের শেষে এই আয়োজন করতে হবে। | | সেশন ছুটির দিন বা স্কুলের শেষে |
| চাঁদ সূর্যের পালা | দ্বিতীয় সেশনে সূর্যকে ঘিরে পৃথিবী ও চাঁদের কক্ষপথের মডেল তৈরির কাজটি শিক্ষার্থীরা শ্রেণিকক্ষের বাইরে করবে। প্রথম সেশনেই সেজন্য প্রয়োজনীয় নির্দেশনা দিয়ে দিতে হবে। | ৫টি | ৪টি |
| রান্নাঘরেই ল্যাবরেটরি | ------- | ৪টি | ৪টি |
| দেহঘড়ির কলকব্জা | ------- | ৬টি | ৬টি |
| পানির সাথে বন্ধুতা<br>+<br>বাঁচবে নদী, তাতে জীবন থাকে যদি | ‘পানির সাথে বন্ধুতা’ অভিজ্ঞতার সেশনের ধারাবাহিকতায় পুরো কাজ সম্পন্ন হবে। ‘বাঁচবে নদী, তাতে জীবন থাকে যদি’ অভিজ্ঞতা সংক্ষেপিত হয়ে উক্ত অভিজ্ঞতার সাথে যুক্ত হবে।<br><br>দ্বিতীয় সেশনের নির্দেশনা অনুযায়ী জলাশয় পর্যবেক্ষণ করতে গিয়ে শিক্ষার্থিরা যেই জলাশয় পর্যবেক্ষণ করবে তার দূষণ বন্ধে ও ভারসাম্য রক্ষায় কী করা যেতে পারে সে বিষয়েও তাদের মতামত নিয়ে আসবে। এর ভিত্তিতে জলাশয় ও তার আশেপাশের এলাকায় প্রাকৃতিক ভারসাম্য রক্ষায় করণীয় কী হতে পারে সে বিষয়েও তারা সিদ্ধান্ত গ্রহণ করবে। তাতে ‘বাঁচবে নদী, তাতে জীবন থাকে যদি’ অভিজ্ঞতার সাথে সংশ্লিষ্ট শিখনযোগ্যতা চর্চা করার সুযোগ হবে এবং অভিজ্ঞতাটির বাকি অংশ উহ্য রাখা সম্ভব হবে। এখানে উল্লেখ্য, এই অভিজ্ঞতার সাথে সংশ্লিষ্ট ‘পরিবেশ ও ভূমিরূপ’ অধ্যায়ের বিষয়বস্তুসমূহ ২০২৪ সালের পরিমার্জিত সংস্করণে সপ্তম শ্রেণিতে যুক্ত করা হবে। ফলে এই শ্রেণিতে সংশ্লিষ্ট অভিজ্ঞতাটি সংক্ষেপ করা হলেও উক্ত অধ্যায়ে অন্তর্ভুক্ত তথ্যসমুহ শিক্ষার্থীরা পরবর্তী শ্রেণিতে জানার সুযোগ পাবে।<br><br>চতুর্থ সেশনে কলয়েড ও সাসপেনশনের পরীক্ষা শিক্ষার্থীরা বাসায় এককভাবে করবে, এবং পরীক্ষণের পর অনুসন্ধানী পাঠ বই থেকে সংশ্লিষ্ট ধারণাগুলো পড়ে নেবে। পরের সেশনে | ৬টি | ৫টি |

| | | | |
|---|---|---|---|
| | তাদের অভিজ্ঞতা বিনিময় করবে, মুক্ত আলোচনার মাধ্যমে ধারণাগুলো স্পষ্ট করে নেবে। | | |
| বিশ্বভরা প্রাণ | ------- | ৫টি | ৫টি |
| রঙের দুনিয়া | ------- | ৩টি | ৩টি |
| হারিয়ে গেছে যারা | ------- | ৩টি | ৩টি |
| আপনার শিশুকে টিকা দিন | অনুশীলন বইয়ের নির্দেশনা অনুসরণ করে শিক্ষার্থীরা বাড়িতে বসে এই শিখন অভিজ্ঞতা সম্পন্ন করবে। শিক্ষক অনুশীলন বইতে শিক্ষার্থীর কাজ দেখে তাকে মূল্যায়ন করবেন। | ২টি | ০টি |

## ৭ম শ্রেণীর সেশন পরিকল্পনার পুনঃবিবেচনা

## বিষয়: বিজ্ঞান

ষষ্ঠ ও সপ্তম শ্রেণিতে নতুন শিক্ষাক্রম এই বছরেই চালু করা হলো বিধায় শিক্ষক, শিক্ষার্থী, বিদ্যালয়ের প্রশাসক, সবারই নিজেদের প্রস্তুত করতে ও নতুন শিক্ষাক্রমে অভ্যস্ত হতে কিছুটা সময় বেশি লেগেছে। তাই জানুয়ারি থেকে জুলাই মাসের প্রথম সপ্তাহ পর্যন্ত যতগুলো শিখন অভিজ্ঞতা সম্পন্ন করার পরিকল্পনা ছিল, অনেক ক্ষেত্রেই তা করা সম্ভব হয় নি।

**১০ই নভেম্বরের মধ্যে ৭ম শ্রেণির অবশিষ্ট শিখন অভিজ্ঞতাসমূহ (৬ নং শিখন অভিজ্ঞতা থেকে শুরু করে শেষ অভিজ্ঞতা পর্যন্ত)** সম্পন্ন করার জন্য শিক্ষকদের জন্য কয়েকটি নির্দেশনা নিচে দেয়া হলো। তবে যেসব বিদ্যালয়ে নিচের তালিকার মধ্য থেকে এক বা একাধিক শিখন অভিজ্ঞতা সম্পন্ন হয়ে গিয়েছে, তাদের ক্ষেত্রে ইতোমধ্যে শেষ হওয়া অভিজ্ঞতাগুলোর জন্য আলাদা নির্দেশনা প্রয়োজন হবে না। শুধুমাত্র অবশিষ্ট শিখন অভিজ্ঞতাসমূহের জন্য এই নির্দেশনা প্রযোজ্য হবে।

| শিখন অভিজ্ঞতার শিরোনাম | শিক্ষকদের জন্য নির্দেশনা | পূর্বনির্ধারিত সেশন সংখ্যা | পরিমার্জিত সেশন সংখ্যা |
|---|---|---|---|
| অদৃশ্য প্রতিবেশী | ষষ্ঠ সেশনের শেষে সচেতনতামূলক পোস্টার/লিফলেট তৈরির কাজটি শ্রেণিকক্ষের বাইরে করতে পারে। সেক্ষেত্রে পঞ্চম সেশনের শেষে প্রয়োজনীয় নির্দেশনা দিয়ে দিতে হবে। পরের শিখন অভিজ্ঞতা শুরুর আগে শিক্ষক শিক্ষার্থীদের এই কাজটির ফলো আপ করবেন এবং প্রয়োজনীয় ফিডব্যাক দেবেন। | ৬টি | ৫টি |
| হরেক রকম খেলনার মেলা | ------------------------------------- | ৬টি | ৬টি |
| ক্ষুদে বাগান টেরারিয়াম | দ্বিতীয় সেশনে শিক্ষার্থীদের একটা নাটিকা উপস্থাপনের কাজ দেয়া হয়েছে যেটা বাদ দেয়া যেতে পারে। সেক্ষেত্রে দ্বিতীয় সেশন থেকেই শিক্ষার্থীরা টেরারিয়ামের ধারণা নিয়ে কাজ শুরু করবে। | ৬টি | ৫টি |
| ভূমিকম্প! ভূমিকম্প! | ------------------------------------- | ৪টি | ৪টি |
| কল্পবিজ্ঞানের গল্প | ------------------------------------- | ৫টি | ৫টি |
| ডায়নোসরের ফসিলের খোঁজে | ------------------------------------- | ৪টি | ৪টি |
| হজমের | ------------------------------------- | ৫টি | ৫টি |

| | | | |
|---|---|---|---|
| কারখানা | | | |
| রুদ্র প্রকৃতি | ষষ্ঠ সেশনের সচেতনতামূলক কার্যক্রম শ্রেণিকক্ষের নিয়মিত সেশনের বাইরের সময়ে করা যেতে পারে। সেক্ষেত্রে শিক্ষক পঞ্চম সেশনেই প্রয়োজনীয় নির্দেশনা দিয়ে দেবেন এবং পরের সেশন অর্থাৎ শেষ সেশনে শিক্ষার্থীদের কাজের ফলো আপ করবেন। | ৭টি | ৬টি |